



কমান্ডিং অফিসারের কার্যালয়
২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
মুক্তাগাছা, ময়মনসিংহ।



প্রেস রিলিজ

অদ্য ২৫/০৪/২০২২খ্রিঃ তারিখ রোজ সোমবার ২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মুক্তাগাছা, ময়মনসিংহের সুযোগ্য অধিনায়ক (পুলিশ সুপার) জনাব মোহাম্মদ সারওয়ার আলম মহোদয়ের সময়োপযোগী দিক নির্দেশনা ও সার্বিক তত্ত্বাবধানে ব্যাটালিয়নের অপারেশন এন্ড ইন্টেলিজেন্স শাখার চৌকস অফিসার ও ফোর্সের সমন্বয়ে নিজ অধিক্ষেত্রে পরিচালিত মাদকবিরোধী বিশেষ অভিযান চলাকালে বিশ্বস্ত মাধ্যমে প্রাপ্ত গোপন সংবাদের ভিত্তিতে কিশোরগঞ্জ জেলার কটিয়াদী মডেল থানা এলাকার কিশোরগঞ্জ ভৈরব আঞ্চলিক সড়ক সংলগ্ন আচমিতা এলাকা থেকে অভিযুক্ত ০১। মোঃ অন্তর আহমেদ জয় (২২), পিতাঃ মোঃ রিপন মিয়া, সাং ভৈরবপুর, দক্ষিণ পাড়া, অভিযুক্ত ০২। মোঃ তারেক মিয়া (২৭), পিতাঃ মোঃ আব্দুল বাতেন মিয়া, সাং চল্লীবের, দক্ষিণ পাড়া, (বেপারী পাড়া), উভয় থানাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ-দ্বয়কে উপস্থিত সাক্ষীদের সম্মুখে দুই কেজি নয়শত গ্রাম গাঁজা এবং উক্ত গাঁজা ক্রয়বিক্রয়ের কাজে ব্যবহৃত দুইটি মোটরসাইকেল-সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত অভিযুক্তগণ নিজেরা নিয়মিতভাবে গাঁজা সেবনের পাশাপাশি দীর্ঘদিন ধরে গাঁজা কেনাবেচায় জড়িত রয়েছেন মর্মে স্বীকার করেন। তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক নিকটস্থ কটিয়াদী মডেল থানার মামলা নং ৩২, তারিখ ২৫/০৪/২০২২, ধারা- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬ (১) সারণি ১৯ (ক)/৩৭/৪১ মোতাবেক নিয়মিত ফৌজদারি মামলা রুজু করা হয়েছে। উল্লেখ্য, অভিযুক্ত ০১। মোঃ অন্তর আহমেদ জয়ের বিরুদ্ধে এর আগে কিশোরগঞ্জ জেলার ভৈরব থানার মামলা নং-০৪, তারিখ-০৩ আগষ্ট ২০২১খ্রিঃ, ধারা- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬ (১) সারণি ১৯ (খ)/৪১ রুজু করা আছে যা বর্তমানে বিজ্ঞ আদালতে বিচারাধীন।

২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন কর্তৃক মাদকের বিরুদ্ধে পরিচালিত আভিযানিক কার্যক্রম সফল করতে মাদক কেনাবেচায় জড়িত ব্যক্তিদের বিষয়ে আমাদেরকে সুনির্দিষ্ট তথ্য দিন। তথ্যদাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। সবাইকে ধন্যবাদ।

